দৈনিক ইত্তেফাক

16

তারিখ 03 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম ৭

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## শিক্ষা উন্নয়নে ৫১টি প্রকল্প বাস্তবায়িত হইতেছে

—— শেখ শহীদ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, সরকার শিক্ষা ব্যবস্থার উন্নয়নের জন্য তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৫১টি প্রকল্প বাস্তবায়িত করিয়াছেন। তিনি এ সব প্রকল্পের সফল বাস্তবায়নে সহ-

(২য় পৃঃ দ্রঃ)

### শেখ শহীদ

(১ম পৃঃ পর)

যোগিতা করার জন্য জাতীয় পার্টির কর্মীসহ দলমত নির্বিশেষে সকলের প্রতি আহ্বান জানাইয়াছেন।

মন্ত্রী গত শনিবার বিকালে কুমিল্লা সার্কিট হাউজ প্রাংগণে জাতীয় পার্টির এক কর্মী সমাবেশে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। কুমিল্লা জেলা পরিষদের চেয়ারম্যান সংসদ সদস্য আনসার আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সভায় সংসদ সদস্য মাহবুবুল আলম এবং সাবেক সংসদ সদস্য রওশন আরা মান্নানও বক্তৃতা করেন

শিক্ষামন্ত্রী কর্মীদের কাছে শিক্ষা মন্ত্রণালয় গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে ব্যাখ্যাদান করিয়া বলেন, আগামী দুই হাজার সালের মধ্যে সবার নিকট শিক্ষার সুযোগ পৌঁছাইয়া দেওয়ার জন্য সরকার যেসব কর্মসূচী হাতে নিতেছেন ইহা বাস্তবায়নে পার্টির কর্মীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রহিয়াছে। তথ্য বিবরণী।